



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স-২য় বর্ষ/২০২০/৯৯৫১

তারিখ : ১৭/০১/২০২২ খ্রিঃ

২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট ও বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট সকল কলেজের পরীক্ষার্থীর প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর ছবির উপর এবং অধ্যক্ষের নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সীল দিয়ে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর যাচাই করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে।

প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্টের নিয়মাবলীঃ

১. www.nu.ac.bd/admit/ লিংকে যেতে হবে।
২. College Login এ click করে user name ও password ব্যবহার করে Admit Card ডাউনলোড করতে হবে।
৩. উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীকে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পরীক্ষা কোড ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৪. প্রতিটি পরীক্ষার জন্য পরীক্ষার্থীকে উপস্থিতি পত্রে স্বাক্ষর করতে হবে। পরীক্ষার্থীকে হাজিরা পত্রে মূল উত্তরপত্রের ক্রমিক নম্বর নির্ভুলভাবে লিখতে হবে। হাজিরা পত্রে উত্তরপত্রের ক্রমিক নম্বর ভুল লিখলে ঐ কোর্সে পরীক্ষার্থীকে অনুপস্থিত হিসাবে গণ্য করা হবে।
৫. মূল প্রবেশপত্র এবং মূল রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই সঙ্গে আনতে হবে। মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড দেখাতে ব্যর্থ হলে পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া যাবে না।

জরুরী প্রয়োজনে ০১৭৩০-৭৯৫৮৯৩ মোবাইল বা ০২-৯৯৬৬৯১৫৫২ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বিঃদ্রঃ যদি কোন বৈধ পরীক্ষার্থীর ফরমপূরণ করা সত্ত্বেও প্রবেশপত্র না পাওয়া যায় বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল থাকে তাহলে ২৫/০১/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় আবেদন করতে হবে। প্রবেশপত্রে কোন প্রকার সংশোধন কলেজ বা কেন্দ্র কর্তৃক করা যাবে না। উল্লিখিত তারিখের পর কোনক্রমেই অভিযোগ গ্রহণ করা হবে না।

আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : controller@nu.ac.bd